



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২৩/২২

তারিখঃ ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর ১২ বছরের পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ১৭/১০/২০২২ খ্রি. ১১:৩০ ঘটিকায় গাজীপুর জেলার কালিয়াকৈর থানার নিশ্চিতপুর গ্রামস্থ মৌচাক এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর সদস্য এজাহারনামীয় পলাতক আসামী গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী নূর আলম @ মোয়াজ (২৯), পিতা- আব্দুল আজিজ, গ্রাম- পূর্ব নওদাবাস, থানা- হাতীবান্ধা, জেলা- লালমনিরহাট।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে চট্টগ্রাম জেলার হাটহাজারী থানার মামলা নং-১৫(০১)২০১১, অভিযোগ পত্র নং- ১৪১, তারিখ- ২৯/০৫/২০১১ খ্রি., ১৯০৮ সনের বিস্ফোরক দ্রব্যাদি আইনের ৪ ধারায় অভিযোগ পত্র দায়ের করা হয়েছিল যা বর্তমানে বিজ্ঞ আদালতে বিচারাধীন রয়েছে।

গত ২৬/১২/২০১০ খ্রি. নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর সদস্য মাসুম চট্টগ্রামের হাটহাজারীতে পুলিশের উপর বোমা মেরে পালানোর সময় তার সঙ্গীয় আসামী শামীম হাসানকে পুলিশ গ্রেফতার করে। উক্ত আসামীকে জিজ্ঞাসাবাদ করে জানা যায় যে, অন্যান্য আসামীগণের সাথে আসামী নূর আলম @ মোয়াজ পুলিশের উপর বোমা হামলার সাথে জড়িত ছিল। নূর আলম @ মোয়াজ পরবর্তীতে গ্রেফতার এড়াতে কৌশলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। সে গত ১২ বছর যাবৎ চট্টগ্রাম, গাজীপুর, নারায়ণগঞ্জ ও ঢাকাসহ বিভিন্ন জায়গায় পালিয়ে গার্মেন্টস কর্মীসহ বিভিন্ন ছদ্মবেশে ভিন্ন ভিন্ন পেশায় আত্মগোপনে ছিল। দীর্ঘ ১২ বছর আত্মগোপনে থাকলেও সর্বশেষে এটিইউ এর নজরদারীতে ধরা পড়ে। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।


১৮/১০/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেন্স উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd